গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

**নভেম্বর/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ২২.১১.২০১৭ খ্রিঃ
সময় : সকাল ৩.০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা।

০২। **উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'-তে দেখানো হলো।**

০৩। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গত ০৯.১০.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় অক্টোবর ২০১৭ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচীসমূহ উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) কে অনুরোধ করেন।

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|---|
| ৪.১ | রেলওয়ের সেবার মানোন্নয়ন (যাত্রীসেবা, নির্ধারিত সময় অনুসারে ট্রেন পরিচালনা ইত্যাদি) | ১। সভায় যাত্রীসেবা নিশ্চিতকরণ, সেবা পরিমাপের মানদন্ড এবং পরিমাপের ইউনিট নির্ধারণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। বিষয়গুলো অন্তর্ভুক্ত করে একটি ম্যাট্রিক্স (পরিবীক্ষণ সারণি) প্রস্তুত করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| | | ২। সভায় জানানো হয়, বাংলাদেশ রেলওয়ের নন-গেজেটেড কর্মচারী নিয়োগবিধি, ১৯৮৫, সিডিউল ১৬৩ শিথিল করতঃ পয়েন্টসম্যান ও সমমর্যাদার পদের পদোন্নতির বিধি সংশোধনের প্রস্তাব এবং বিভাগীয় কোটায় শেড খালাসী পদ হতে ২৫% সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ এর পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা পুনঃনির্ধারণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে কতিপয় তথ্যসহ পুনঃপ্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানান হয়েছে। মন্ত্রণালয় থেকে ২০.১০.২০১৭ ও ২৫.১০.২০১৭ তারিখের তথ্যসহ পুনঃপ্রস্তাব প্রেরণ করার জন্য বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ে থেকে এখনো প্রস্তাব পাওয়া যায়নি। এ বিষয় আলোচনা হয়। | ২। পয়েন্টসম্যান ও সমমর্যাদার পদের পদোন্নতি বিধি সংশোধনের প্রস্তাব এবং লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ এর পদোন্নতি/নিয়োগের ক্ষেত্র শিক্ষগত যোগ্যতা পুনঃনির্ধারণের প্রস্তাব আগামী ৩০.১১.২০১৭ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ে থেকে প্রয়োজনীয় তথ্যসহ পুনঃপ্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| | | ৩। সভায় পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য outsourcing এর মাধ্যমে সুইপার নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে আলোচনা করা হয়। জিএম পূর্ব জানান ঢাকা বিভাগে ০২ (দুই) টি ই-জিপির মাধ্যমে নিয়োগ সম্পন্ন হয়েছে। তিনি আরো জানান, ই-জিপির মাধ্যমে দাখিলকৃত একটি দরপত্র ১ কোটি টাকার উপরে হওয়ায় তা অনুমোদনের ক্ষমতা জিএম এর না থাকায় নিয়োগ কার্য সম্পন্ন করা সম্ভব হয়নি। সভায় উক্ত ই-টেন্ডার অনুমোদনের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের নিকট প্রেরণের বিষয় আলোচনা হয়। | ৩। ই-টেন্ডারের মাধ্যমে সুইপার নিয়োগের অসম্পন্ন কার্যক্রম সম্পন্নের জন্য ডিজি, বিআর এর অনুমোদন নিতে হবে। | ১। মহাব্যবস্থাপক, (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে। |
| | | ৪। সভায় বঙ্গবন্ধু সেতুর উপর দিয়ে লোকোমোটিভ পারাপারের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সেতু বিভাগের সাথে আন্তঃমন্ত্রণালয় সভা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | ৪। সেতু বিভাগের সাথে আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |

<table>
<tr>
<td>৪.২</td>
<td>রেলওয়ের নিরাপত্তা ব্যবস্থা</td>
<td>১। সভায় জানানো হয়, অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত গত ২৯.১০.২০১৭ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ ও মহড়া আয়োজনের সিদ্ধান্ত হয়েছে। সভাপতি বলেন যে, অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতির বিষয়ে বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>২। সভায় উভয় অঞ্চলের Stone Throwing Area-র তালিকা উপস্থাপন করা হয়। সভাপতি উভয় অঞ্চলের Stone Throwing Area-র তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ পূর্বক ট্রেনে ঢিল ছোড়া বন্ধে সংশ্লিষ্ট এলাকার জনসাধারনকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানিয়ে পত্র প্ররণের পরামর্শ প্রদান করেন।</td>
<td>১। অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতির বিষয়ে জিএম (পূর্ব ও পশ্চিম) ডিসেম্বর/১৭ মাসে প্রশিক্ষণ আয়োজন করবেন।<br><br>২। রেলভবনে প্রশিক্ষণ ও মহড়া আয়োজনের বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সাথে যোগাযোগ রাখতে হবে।<br><br>১। থানা/উপজেলা ভিত্তিক “Stone Throwing Area”-র তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ করে ট্রেনে ঢিল ছোড়া বন্ধে সংশ্লিষ্ট এলাকার জনসাধারনকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br><br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
<tr>
<td>৪.৩</td>
<td>জনবল নিয়োগ ও প্রশিক্ষণ সংক্রান্ত</td>
<td>অক্টোবর/২০১৭ পর্যন্ত রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের জনবল ও শুন্য পদের বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th colspan="5">রেলপথ মন্ত্রণালয়</th></tr>
<tr><th>শ্রেণী</th><th>মোট পদ</th><th>জনবল</th><th>শূণ্য পদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১ম</td><td>৪৩</td><td>৩৫</td><td>৮</td><td></td></tr>
<tr><td>২য়</td><td>৩৩</td><td>৭</td><td>২৬</td><td></td></tr>
<tr><td>৩য়</td><td>৩০</td><td>১৯</td><td>১১</td><td></td></tr>
<tr><td>৪র্থ</td><td>২৯</td><td>২৬</td><td>৩</td><td></td></tr>
<tr><td>মোট-</td><td>১৩৫</td><td>৮৭</td><td>৪৮</td><td></td></tr>
</table>
<table>
<tr><th colspan="5">বাংলাদেশ রেলওয়ে</th></tr>
<tr><th>শ্রেণী</th><th>মোট পদ</th><th>কর্মরত জনবল</th><th>শূণ্য পদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১ম</td><td>৫৬৩</td><td>৪২১</td><td>১৪২</td><td></td></tr>
<tr><td>২য়</td><td>১৫৮৭</td><td>৯২৩</td><td>৬৬৪</td><td></td></tr>
<tr><td>৩য়</td><td>২১৬৪৪</td><td>১৩০৮০</td><td>৮৫৬৪</td><td></td></tr>
<tr><td>৪র্থ</td><td>১৬৪৮১</td><td>১১০২৭</td><td>৫৪৫৪</td><td></td></tr>
<tr><td>মোট-</td><td>৪০২৭৫</td><td>২৫৪৫১</td><td>১৪৮২৪</td><td></td></tr>
</table>
সভায় জিএম (পূর্ব) জানান যে, প্রকল্পের অন্তর্ভুক্ত গেট কিপার নিয়োগ কার্যক্রমে চূড়ান্ত পর্যায়ে মহামান্য হাইকোর্ট ০৩ মাসের জন্য নিয়োগ কার্যক্রমের স্থগিত করেন । সভাপতি বলেন যে, উভয় অঞ্চলের প্রতিটি পদের বিপরীতে নিয়োগ কার্যক্রমের অগ্রগতির তথ্য পরবর্তী সভায় কার্যবিবরণীতে অর্ন্তভুক্ত করতে হবে।<br>মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান, বাংলাদেশ রেলওয়েতে ১ম শ্রেণীর কর্মকর্তারা ৯ম গ্রেডে যোগদান করেন। তাদের জন্য ৬ষ্ঠ গ্রেডে কোন পদ নেই। ফলে ন্যূনতম ১০ বছর চাকরী না করলে কোন কর্মকর্তা ৫ম গ্রেডে প্রমোশন পান না । তিনি আরো জানান, প্রস্তাবিত নতুন জনবল অনুমোদিত হওয়ার পূর্বে ৫ম গ্রেডে প্রমার্জনের মাধ্যমে প্রমোশন দেওয়া যায় কিনা সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে কথা বলে প্রমার্জনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার ব্যাপারে সভায় আলোচনা হয়।</td>
<td>১। উভয় অঞ্চলের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে জিএম (পূর্ব ও পশ্চিম) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২। বাংলাদেশ রেলওয়ের শুণ্য পদের সংখ্যার বিপরীতে সঠিক কার্যক্রমের বিবরণ আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩। বাংলাদেশ রেলওয়ে থেকে প্রমার্জনের প্রস্তাব প্রেরণ করা হলে তা অনুমোদনের জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।</td>
<td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। জিএম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br><br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br><br>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৪.৪</td>
<td>রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি এবং পরিচালন ব্যয় হ্রাস।</td>
<td>১। APA-র লক্ষ্যমাত্রা অনুযায়ী অক্টোবর/১৭ মাস পর্যন্ত খাত ভিত্তিক (যাত্রী, মালামাল, পার্শ্বেল ও অন্যান্য) অর্জনের তথ্য নিম্নরূপঃ
<table>
<tr><td>বিষয়</td><td>যাত্রী (লক্ষ টাকা)</td><td>মালামাল (লক্ষ টাকা)</td><td>বাণিজ্যিক (লক্ষ টাকা)</td><td>বিবিধ (লক্ষ টাকা)</td><td>মোট (লক্ষ টাকা)</td></tr>
<tr><td>লক্ষ্য মাত্রা</td><td>২৮০০০</td><td>১১১৬৬</td><td>৩১৮৮</td><td>২৭৬৬</td><td>৪৫১২০</td></tr>
<tr><td>আয়</td><td>৬৭৮০</td><td>২৫৫৪</td><td>৩৬৩৪</td><td>১৭৭</td><td>১৩১৪৫</td></tr>
<tr><td>অর্জন (%)</td><td>২৪.২১</td><td>২২.৮৭</td><td>১১৩.৯৮</td><td>৬.৩৯</td><td>২৯.১৩</td></tr>
<tr><td colspan="6">ব্যয়</td></tr>
<tr><td colspan="3">সম্ভাব্য ব্যয়</td><td colspan="3">২১৯৫৭</td></tr>
<tr><td colspan="3">প্রকৃত ব্যয়</td><td colspan="3">৯৬৫৯</td></tr>
<tr><td colspan="3">ব্যয় (%)</td><td colspan="3">৪৩.৯৯</td></tr>
</table>
সভায় আলোচনা হয় যে, বাংলাদেশ রেলওয়ের আয়ের ক্ষেত্রে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর প্রতিবেদন এবং প্রশাসনিক রিপোর্টের মধ্যে সবসময় পার্থক্য পরিলক্ষিত হয়। বিদ্যমান এ পার্থক্য কমিয়ে আনার বিষয় বিস্তারিত আলোচনা হয়। আয়ের হিসাব নিকাশ আগামী সভা থেকে একটি মেট্রিক্সের মাধ্যমে দেখানোর বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন।</td>
<td>১। প্রতিমাসে আয়ের হিসাব এবং আইবাস রিপোর্ট মেট্রিক্স আকারে উপস্থাপন করতে হবে।</td>
<td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
<tr>
<td>৪.৫</td>
<td>বাংলাদেশ রেলওয়ের জমিতে অবস্থিত অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম।</td>
<td>অক্টোবর/১৭ মাস পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অঞ্চলভিত্তিক মোট জমি, অবৈধ দখলে থাকা জমি ও অবৈধ দখল উচ্ছেদপূর্বক দখলে আনা জমির তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><td>অঞ্চল</td><td>মোট জমি (একর)</td><td>অক্টোবর/১৭ পর্যন্ত অবৈধ দখলে থাকা জমি (একর)</td><td>অক্টোবর /১৭ মাসে উদ্ধারকৃত জমি (একর)</td><td>মাস শেষে অবৈধ দখলে থাকা জমি (একর)</td></tr>
<tr><td>পূর্ব</td><td>২৪৪৪০.৯৩</td><td>৭৬৪.১৫</td><td>৭.৫২</td><td>৭৫৬.৬৩</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>৩৭৪১৯.৩৫</td><td>২৯৪৭.৮১</td><td>১১.৫৯</td><td>২৯৩৬.২২</td></tr>
<tr><td>মোট</td><td>৬১৮৬০.২৮</td><td>৩৭১১.৯৬</td><td>১৯.১১</td><td>৩৬৯২.৮৫</td></tr>
</table>
ডিজি, বিআর জানান যে, নিয়মিত উচ্ছেদ অভিযান পরিচালনা, অবৈধ দখলকৃত জমি উদ্ধারসহ রেলের উচ্ছেদকৃত জমিতে কেউ যে ন স্থায়ী কাঠামো নির্মাণ করতে না পারে সে বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সভাপতি বলেন যে, উচ্ছেদ অভিযান আরো জোরদার করতে হবে , পাশাপাশি রেলওয়ের জমি উচ্ছেদ এবং নতুন করে দখলকৃত জমির হিসাব দাখিল করতে হবে। সভায় রেলওয়ের জমি নতুন করে দখলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য রেলওয়ে পুলিশ ও রেলওয়ে নিরাপত্তা বাহিনীর দায়িত্ব সম্পর্কে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, আরএনবির এ বিষয়ে সুনির্দিষ্ট</td>
<td>১। নিয়মিত উচ্ছেদ অভিযান পরিচালনাসহ উচ্ছেদ অভিযান জোরদার করতে হবে। পাশাপাশি রেলওয়ের জমি উচ্ছেদ এবং নতুন করে দখলকৃত জমির হিসাব দাখিল করতে হবে।<br>২। রেলওয়ের জমি নতুন করে কেউ যাতে দখল করতে না পারে সে বিষয়ে রেলওয়ে নিরাপত্তা বাহিনী তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (আইন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। জিএম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম)।<br>৫। চীফ কমান্ডেন্ট (পূর্ব ও পশ্চিম)।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | দায়িত্ব রয়েছে। তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | | |

**৪.৬ বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলা নিষ্পত্তি**

অক্টোবর/২০১৭ মাস পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলার বিবরণ উপস্থাপন করা হয়ঃ

| ক্রমিক নং | রেলওয়ে অঞ্চল | অক্টোবর/ ২০১৭ মাসের জের | | অক্টোবর/২০১৭ মাসের নিষ্পত্তি | | অক্টোবরর/২০১৭ মাসের দায়ের | | অক্টোবর/২০১৭ মাসের সমাপনান্তে | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মামলা | দাবীকৃত টাকার পরিমাণ | মামলা | আদায়কৃত টাকার পরিমাণ | | | মামলা | দাবীকৃত টাকার পরিমাণ |
| ১ | পূর্ব | ১১২ | ৫৭৯১২৩২৬/- | - | ১৩৫.০৮১/- | - | - | ১১২ | ৫৭৭৭৭২৪৫/- |
| ২ | পশ্চিম | ৪৯ | ৪২১৮২৭৩/- | - | ২৩০০০০/- | - | - | ৪৯ | ৩৯৯৮৮২৭৩/- |
| ৩ | মোট | ১৬১ | ৯৮১৩০৫৯৯/- | - | ৩৬৫০৮১/- | - | - | ১৬১ | ৯৭৭৬৫৫১৮/- |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় জানানো হয়, অক্টোবর, ২০১৭ মাসে কোন মামলার নিষ্পত্তি হয়নি। সভাপতি আগামী এক সপ্তাহের মধ্যে রেলওয়ের সার্টিফিকেট মামলাসমূহ একটি নির্দিষ্ট দিনে রাখার জন্য জেলা প্রশাসকদের পত্র দেওয়ার পরামার্শ দেন। | ১। পেন্ডিং সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রেলওয়ের সার্টিফিকেট মামলাসমূহ একটি নির্দিষ্ট দিনে রাখার জন্য জেলা প্রশাসকদের পত্র দিতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। জিএম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

**৪.৭ বাংলাদেশ রেলওয়ের ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধ।**

বাংলাদেশ রেলওয়ের নিকট ভূমি উন্নয়ন কর হিসেবে ভূমি মন্ত্রণালয়ের দাবী এবং পরিশোধিত ভূমি উন্নয়নকরের বিবরণ উপস্থাপন করা হয়ঃ

| ক্র: নং | অঞ্চল | অক্টোবর/ ২০১৭ মাস পর্যন্ত প্রাপ্ত দাবী (কোটি) | ভূমি উন্নয়ন কর খাতে প্রাপ্ত বরাদ্দ (২০১৭-১৮) | ভূমি উন্নয়ন কর পরিশোধ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | জুলাই/১৭ পর্যন্ত পরিশোধিত (২০১৬-১৭) | সেপ্টেম্বর/১৭ পর্যন্ত পরিশোধিত | মোট পরিশোধ | |
| ১ | পূর্ব | ৫.০০ | ১৭.০০ কোটি | ১০.০০ কোটি | - | - | |
| ২ | পশ্চিম | - | ১২.০০ কোটি | ৬.৬৬ কোটি | - | - | |
| ৩ | মোট | ৫.০০ | ২৯.০০ কোটি | ১৬.৬৬ কোটি | - | - | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে আলোচনা হয়। ডিজি বিআর জানান যে, ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য বরাদ্দকৃত অর্থ যেন ফেরত না যায় সেদিকে লক্ষ্য রাখা হচ্ছে।<br>সভাপতি বলেন যে, সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে দাবী পাওয়ার সাথে সাথে কর পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভূমি উন্নয়ন করের অর্থ যাতে সময়মত পরিশোধ করা হয় এবং সংশ্লিষ্ট একাউন্টে তার প্রতিফলন ঘটে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১। ভূমি উন্নয়ন করের অর্থ যেন ফেরত না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>২। সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে দাবী পাওয়ার সাথে সাথে কর পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ভূমি উন্নয়ন করের অর্থ যাতে সময়মত পরিশোধ করা হয় এবং সংশ্লিষ্ট একাউন্টে তার প্রতিফলন ঘটে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৪। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

| | |
|---|---|
| ৪.৮ | অক্টোবর/২০১৭ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অডিট আপত্তি এবং দাবী ও নিষ্পত্তির বিবরণ উপস্থাপন করা হয়ঃ |

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ সংস্থা/অঞ্চল | অক্টোবর/২০১৭ পর্যন্ত আপত্তি ও দাবী | | | | অক্টোবর/২০১৭ মাসে নিস্পত্তি | | | | অক্টোবর ২০১৭ মাস পর্যন্ত অনিস্পন্ন আপত্তি ও দাবী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারন | অগ্রিম | খসড়া | মোট দাবী (হাজার টাকা) | সাধারন | অগ্রিম | খসড়া | মোট টাকা (হাজারে) | সাধারন | অগ্রিম | খসড়া | মোট টাকা (হাজারে) |
| ১ | রেলপথ মন্ত্রণালয় | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২ | বি আর | ৫৭১ | ৫৩ | ১১০ | ১৩৬৬৮৭৭ | - | - | - | - | ৫৮০ | ৫৩ | ১১০ | ১৩৮৯০২৫ |
| ৩ | বি আর (পূর্বঅঞ্চল) | ৪৬৭০ | ৫৫৯ | ১৬৯ | ৫৩৫৩৮১১৪৫ | ১৪ | ১০ | **০১** | ৩৬৫৪৯ | ৪৬৭৩ | ৫৪৯ | ১৬৮ | ৫৩৫৩৪৪৬২৬ |
| ৪ | বিআর (পশ্চিম অঞ্চল) | ৭৬২৩ | ৫৮০ | ৩৩৭ | ১৬৮৪৮২৫৩ | ২৬ | - | - | ৮৭৬৭২ | ৭৫৯৭ | ৫৮০ | ৩৩৭ | ১৬৭৬০৫৮১ |
| ৫ | মোট | ১২৮৬৪ | ১১৯২ | ৬১৬ | ৫৫৩৫৯৬২৭৫ | ৪০ | ১০ | ০১ | ১২৪২২১ | ১২৮৫০ | ১১৮২ | ৬১৫ | ৫৫৩৪৯৪২৩২ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাংলাদেশ রেলওয়ের অডিট আপত্তি নিষ্পত্তি। | উপস্থাপিত বিষয়ে আলোচনা হয়। দেখা যায়, অক্টোবর মাসে ৪০টি সাধারণ, ১০ টি অগ্রিম এবং ১টি খসড়া আপত্তি নিস্পত্তি হয়েছে যার আর্থিক মূল্যের পরিমাণ ১২,৪২,২১,০০০ টাকা। ডিজি, বিআর জানান যে, অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগ ণকে পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) বলেন যে, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৩টি ত্রিপক্ষীয় সভা করা হয়েছে। তিনি জানান যে, অবশিষ্ট ১২,৮৫০ টি সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) গণ Crash Program কার্যক্রম পরিচালনা করছেন। এছাড়া, মন্ত্রণালয় হতে Crash Program পরিচালনার নিমিত্ত বাংলাদেশ রেলওয়ের দপ্তর ওয়ারী অডিট আপত্তির তালিকা /তথ্য প্রেরণের জন্য ডিজি, বিআর ও জিএমগণকে অনুরোধ করা হয়েছে। এছাড়া, পিএ কমিটির সভার অনুশাসনের আলোকে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আপত্তি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবদের সাথে সভা করাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | ১। অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে হবে।<br>২। সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত Crash Program দ্রুততর করতে হবে।<br>৩। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) গণকে পদক্ষেপ নিতে হবে।<br>৪। PA কমিটিতে উপস্থাপিত আপিত্তসমূহ দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৪.৯ | ই-ফাইলিং/ই-টেন্ডারিং/ উদ্ভাবনী বিষয়। | সভায় অবহিত করা হয় যে, বাংলাদেশ রেলওয়েতে ই-ফাইলিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নেটের যে পরিমান স্পীড প্রয়োজন তা বর্তমানে নেই। এর জন্য Broad Band Connection প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গিয়েছে। শীর্ঘই Broad Band Connection গ্রহণ করা হবে। | ১। ই- ফাইলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েতে Broad Band Connection দ্রুত স্থাপনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৪.১০ | রেলওয়ে পুলিশ এবং রেলওয়ে নিরাপত্তা বাহিনীর কার্যক্রম। | অতিরিক্ত ডিআইজি, রেলওয়ে পুলিশ সভায় জানান যে, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স এর অধীন চট্টগ্রাম ও সৈয়দপুর রেলওয়ে তে অক্টোবর/২০১৭ মাসে সর্বমোট ২৬৬২টি অভিযান পরিচালনা করা হয় এবং টিকিট কালোবাজারী, বিনা টিকিটে ভ্রমণকারী, ট্রেনের ছাদে ভ্রমণকারী, মাদক/ধুমপান, চোরাকারবারী, ভবঘুরে/টোকাই ও অন্যান্য অপরাধে মোট ৬৪৭৫ | ১। ট্রেনে অস্ত্র, মাদকসহ অন্যান্য চোরাইমাল পরিবহন প্রতিরোধকল্পে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে এবং জেলা ম্যাজিস্ট্রেটদের অবহিত রেখে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ।<br>৩। চীফ কমান্ড্যান্ট (পূর্ব ও পশ্চিম)। |

<table>
<tr><td></td><td></td><td>ব্যক্তিকে গ্রেফতার করা হয়। উদ্ধারকৃত মালামালের মধ্যে বিভিন্ন ধরণের মাদকদ্রব্য, শক্তিবর্ধনকারী ঔষুধ, প্রসাধনী সামগ্রী এবং খাদ্য সামগ্রী উল্লেখযোগ্য। রেলওয়ের নিরাপত্তার বিষয় বিস্তারিত আলোচনা হয়।</td><td></td><td></td></tr>
<tr><td>৪.১১</td><td>বিভাগীয় মামলা নিষ্পত্তি।</td><td>ডিজি, বিআর জানান যে, বিভাগীয় মামলার দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। সেপ্টেম্বর/২০১৭ মাসের জের ২৮২ টি, অক্টোবর/১৭ মাসে নতুন মামলা হয়েছে ৪৬টি, নিষ্পত্তি হয়েছে ৩৬টি। সেপ্টেম্বর/২০১৭ মাসের জের ২৯১টি। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন যে মামলার পরিমাণ বৃদ্ধি পেয়েছে। তিনি বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</td><td>১। বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
<tr><td>৪.১২</td><td>অনিষ্পন্ন বিষয়</td><td>সভায় রেলপথ মন্ত্রণালয়ের নিকট বাংলাদেশ রেলওয়ের এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের নিম্নরূপ তালিকা উপস্থাপন করা হয়।<br>পেন্ডিং বিষয়ের তালিকাঃ<br><table><tr><td>বিভাগের নাম</td><td>১ মাস</td><td>৩ মাস</td></tr><tr><td>মন্ত্রণালয়</td><td>০২</td><td>৫৪</td></tr><tr><td>বিআর</td><td>১৩৫</td><td>১৫৬</td></tr><tr><td>মোট</td><td>১৩৭</td><td>২১০</td></tr></table><br>দেখা যায় ৩ মাসের বেশী সময় ধরে পেন্ডিং বিষয়ের সংখ্যা ২১০ টি। পেন্ডিং বিষয়গুলি নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সভাপতি অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। আগামী সভায় অনিষ্পন্ন বিষয়ের তালিকা মেট্রিক্স আকারে উপস্থাপনের জন্য সভাপতি পরামর্শ দেন।</td><td>১। মন্ত্রণালয়ের নিকট বাংলাদেশ রেলওয়ের এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলোর পৃথক এবং বিস্তারিত তালিকা মেট্রিক্স আকারে উপস্থাপন করতে হবে।<br>২। অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td></tr>
</table>

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মোফাজ্জেল হোসেন)
সচিব